

টেলিফোন নং-০৩৮১-৬২৫৯৫, অভিযোগ কেন্দ্র : ০৩৮১-৬২৫৬৭, ফ্যাক্স নং-০৩৮১-৬১০৯৭, ই-মেইল-pbslkp@yahoo.com

স্মারক নং-২৭.১২.৫১৪৩. ৫৩৮.০০১.০৭.২০২৩.

৬৬৭৩

তারিখঃ ২৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ- এসপিসি পোল পরিবহনের রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) দর আহবান সংক্রান্ত।

লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ অনুযায়ী কুমিল্লা পবিস-২ এর পোল ইয়ার্ড (ময়নামতি) হতে লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুর এর পোল ইয়ার্ডে (লোডিং আনলোডিং সহ) পরিবহনের জন্য আত্মহী প্রকৃত ও সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞ পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দর আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামাল পরিবহনের বিবরণ	মোট ওজন (টন) (ক)	মোট দূরত্ব (কিঃ মিঃ) (খ)	মোট (ওজন x দূরত্ব) (টন x কিঃ মিঃ) (গ)	একক মূল্য (টন x কিঃ মিঃ) (ঘ)	মোট মূল্য (টাকা) ও = (গ x ঘ)
১	এসপিসি পোলঃ আইটেম-আর-৪৩, সাইজ-৩৫'-৬ মোট-১০০টি, প্রতিটি পোলের ওজন ০.৭২৭৩ টন।	৭২.৭৩ টন (১০০ x ০.৭২৭৩)	৮৯	৬৪৭২.৯৭ (৭২.৭৩ x ৮৯)		
কথায় :-					সর্বমোট =	
কাজের বিবরণঃ কুমিল্লা পবিস-২ এর পোল ইয়ার্ড (ময়নামতি) হতে ট্রাক/ট্রেইলারে উঠানো, পরিবহন ও লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি, লক্ষ্মীপুর এর পোল ইয়ার্ডে নামানো, শ্রেনী বিন্যাস সহকারে সারিবদ্ধভাবে রাখা।						

শর্তাবলী :-

- সীলগালাকৃত খামের উপরিভাগে "এসপিসি পোল পরিবহনের দরপত্র" কথাটি লিখতে হবে।
- দরপত্র সমূহ আগামী ১৮-০৯-২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২ঃ০০ ঘটিকার মধ্যে লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, লক্ষ্মীপুর অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাস্কে ফেলতে হবে। নির্ধারিত সময়ের পর এবং ডাকযোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- দাখিলকৃত দরপত্র সমূহ ঐ দিনই (১৮-০৯-২০২৩ খ্রিঃ তারিখ) দুপুর ১২ঃ০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- দরপত্রের সাথে প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন, ব্যাংক সলভেন্সি ও অভিজ্ঞতা সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- এসপিসি পোল পরিবহনকালে নিরাপত্তা ঝুঁকি সংক্রান্ত বিধিমালা অনুসরণ পূর্বক নিরাপদে পরিবহন করতে হবে। মালামাল পরিবহনের সময় পরিবহনতব্য মালামালের কোন ক্ষতি হলে পরিবহনকারী প্রতিষ্ঠান কর্তৃক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
- আত্মহী প্রতিষ্ঠানের অবস্থায় এসপিসি পোল পরিবহনের অভিজ্ঞতা থাকতে হবে এবং দরপত্রের সাথে অভিজ্ঞতার প্রমাণপত্র দাখিল করতে হবে। উল্লেখ্য যে, মালামাল পরিবহনের সময় মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে। প্রকৃত পরিবহনের উপর বিল পরিশোধ করা হবে।
- কার্যাদেশে বর্ণিত সময়ের মধ্যে বর্ণিত কাজ সম্পাদন করিতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে উক্ত জরিমানার পরিমাণ কোন অবস্থাতেই চুক্তি মূল্যের ১০% এর অধিক হবে না।
- কার্যাদেশ প্রাপ্তির পর লক্ষ্মীপুর পবিস এবং কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মধ্যে এসপিসি পোল পরিবহন, লোডিং এবং আনলোডিং কাজ সংক্রান্ত বিষয়ে মোট ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প একটি চুক্তিনামা সম্পাদন করতে হবে।
- সন্তোষজনকভাবে বর্ণিত কাজ সম্পাদন করা হলে চালান ও বিল দাখিল সাপেক্ষে ডিজিএম (কারিগরী) ও এজিএম (ইএন্ডসি) এর প্রত্যায়নের পর হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করবার অধিকার সংরক্ষণ করে এবং যে কোন অনাকাঙ্ক্ষিত বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ জাকির হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি :-

- পরিচালক, পবিস মনিঃ ও ব্যঃ পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
- সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার ----- পবিস-
- নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ফেনী।
- নির্বাহী প্রকৌশলী, সওজ/এসজিইডি/ গনপূর্ত, লক্ষ্মীপুর।
- ডি. জি. এম, কারিগরী/রামগঞ্জ/রায়পুর/রামগতি/চন্দ্রগঞ্জ/ভবানীগঞ্জ/কমলনগর জোঃ অঃ, লপবিস।
- এ. জি. এম (অর্থ-হিসাব)/(ওএন্ডএম)/(ইএন্ডসি)/(সদস্য সেবা) লপবিস।
- সহকারী প্রকৌশলী, বাপবিবো, লক্ষ্মীপুর।
- নোটিশ বোর্ড, লক্ষ্মীপুর পবিস।
- অফিস কপি/মাষ্টার কপি।

(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

(বহুল প্রচারের নিমিত্তে নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ)

(মোঃ জাকির হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার